৩১

দৈনিক খবর

তারিখ 2 1 JUN 1993
পৃষ্ঠা ৪ কলাম ২

22

# শিক্ষা ব্যবস্থাকে বাস্তবমুখী করা হবে– শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেন, শিক্ষা ব্যবস্থাকে বাস্তব ও উৎপাদনমুখী করে তোলার লক্ষ্যে সরকার শিক্ষা পাঠ্যক্রমে দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় কিছু বিষয় অন্তর্ভুক্তির জন্য একটি কমিটি গঠন করছে। শিক্ষামন্ত্রী গত শনিবার ঢাকায় বাংলাদেশ জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত রসায়ন শাস্ত্রের ওপর কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম এ বারী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান যুগের প্রয়োজন মিটাতে হলে শিক্ষা পাঠ্যক্রমকে পরিবর্তন ও আধুনিকীকরণ করতে হবে। তিনি বলেন, দারিদ্র্য ও নিরক্ষরতা দূরীকরণ প্রতিটি সরকারের দায়িত্ব এবং এটা নির্ভর করে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের ওপর। তিনি বলেন, বিজ্ঞানর চর্চা ও প্রয়োগের মাধ্যমে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা ও খনিজ সম্পদ আহরণ সম্ভব হবে।

ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেন, উচ্চ শিক্ষা ক্ষেত্রে শৃংখলা প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়কে একটি বৃহৎ প্রতিষ্ঠানরূপে গড়ে তুলবে। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে– শিক্ষকদের প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা কোর্স চালুর ওপর জোর দেন যাতে প্রতিটি কলেজে উচ্চ ডিগ্রীধারী ও অভিজ্ঞ শিক্ষকের সমাবেশ ঘটে। তথ্য বিবরণী। সভাপতির বক্তৃতায় ডঃ এম এ বারী বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়, কলেজগুলোর পাঠ্যক্রম ও পাঠ্যসূচী যুগোপযোগী ও আধুনিকীকরণ করবে। তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশের কলেজগুলোকে অধিভুক্তিকরণ ও মঞ্জুরীদান প্রক্রিয়া প্রায় শেষ হয়েছে এবং ফেব্রুয়ারী মাস থেকে স্নাতকপূর্ব শ্রেণীতে ক্লাশ শুরু হয়েছে।